গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২০.২৪- ২৫

তারিখ: ০১ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ।
১৫ জানুয়ারী, ২০২৫ খ্রিষ্টাব্দ।

# ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে। প্রতিটি কলেজের বিভাগ অনুযায়ী আসন সংখ্যা, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা, আবেদন প্রক্রিয়া এবং অন্যান্য নিয়মাবলি নিম্নরূপঃ

১. কলেজসমূহের নাম, ঠিকানা ও আসন সংখ্যাঃ

| ক্রঃ নং | কলেজের নাম ও ঠিকানা | বিভাগ অনুযায়ী আসন সংখ্যা |
|---|---|---|
| ১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।<br>ওয়েবসাইটঃ ctec.chittagong.gov.bd<br>মোবাইলঃ ০১৭৯৫১৯৭৯৭৮, ০১৭৯৯৯০৪১৪৬ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ২. | পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।<br>ওয়েবসাইটঃ www.ptec.college.gov.bd<br>ফোনঃ ০২- ৫৮৮৮৪৬১০৩ মোবাইলঃ ০১৭১২৬৩৯২০৭, ০১৭৫৭৯৯১০৫৫ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ৩. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>ওয়েবসাইটঃ tecn.portal.gov.bd<br>ফোনঃ ০২৩৩-৪৪৯৩৭৫৮ মোবাইলঃ ০১৯২২-২০১২১৪ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ৪. | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।<br>ওয়েবসাইটঃ www.sarstec.gov.bd<br>ফোনঃ ০২৪৭৮৮৬৪১৩৯ মোবাইলঃ ০১৯৩৯৭৮১০৯১ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ৫. | শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, আড়ুয়াকান্দি, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ।<br>ওয়েবসাইটঃ sktec.jhenaidah.gov.bd<br>মোবাইলঃ ০১৭১৩৯১৮০৭৪, ০১৬৮৬৫১৪১১৪ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ৬. | ড. এম এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর<br>ওয়েবসাইটঃ dwmtec.pirgonj.rangpur.gov.bd<br>মোবাইলঃ ০১৯১১১২৭০০৪, ০১৭৪৬-২১৩৫৩৮, ০১৭৩১-৩৫২৮৬২ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ৭. | শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ<br>ওয়েবসাইটঃ www.srtec.gov.bd<br>মোবাইলঃ ০১৮৩৭-৭৯০৭১১, ০১৭৩১-০৬৫৭১৭ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| ৮. | শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর<br>ওয়েবসাইটঃ https://shtec-jamalpur.com/<br>মোবাইলঃ ০১৯১৬-৮৩৯৩৬৪, ০১৬৭১-৩৩৫৩০৪ | ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং -৩০<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং -৩০<br>ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং -৩০<br>অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং -৩০ |
| | সর্বমোট | -৯৬০ |

২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

(ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২০২৩ অথবা ২০২৪ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ কমপক্ষে ৪.০০ পেয়ে পাশ অথবা বিদেশি শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

(গ) আবেদনকারীকে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএদ্বয়ের যোগফল (৪র্থ বিষয়সহ) সর্বনিম্ন ৮ থাকতে হবে।

(ঘ) আবেদনকারীকে এইচএসসি পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে আলাদাভাবে ন্যূনতম ৩.০০ গ্রেড পয়েন্টসহ উল্লিখিত বিষয়সমূহের মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৪.০০ থাকতে হবে।

(ঙ) GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশকৃত আবেদনকারীদের ক্ষেত্রে নভেম্বর, ২০২২ বা তারপরে অনুষ্ঠিত GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি পেপারে গড়ে B এবং GCE 'A' লেভেল পরীক্ষায় Physics, Chemistry and Mathematics এ কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ করতে হবে। Equivalence Certificate প্রাপ্তির জন্য বস্ত্র অধিদপ্তরের পরিচালক (শিক্ষা) এর নিকট নগদ ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করতে হবে। অতঃপর আবেদনকারী 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবর ২৮/০২/২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে আবেদন করতে হবে।

৩। সংরক্ষিত আসনঃ

কোটা এবং সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তি পরীক্ষায় যথারীতি অংশগ্রহণ করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে। প্রতিটি কলেজে নির্ধারিত আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় ০২টি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ০১টি সহ মোট ০৩টি আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মর্মে প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষায় যথারীতি অংশগ্রহণ করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে। উক্ত কোটাসমূহে ভর্তির উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে আসন শূন্য থাকবে।

**বিশেষ নির্দেশাবলীঃ**

(ক) মুক্তিযোদ্ধা কোটা শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রেই প্রযোজ্য হবে।

৪. আবেদন ফিঃ

আগ্রহী আবেদনকারী ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করে আবেদন করতে পারবেন।

৫. ভর্তির আবেদন প্রক্রিয়াঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dot.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **০২/০২/২০২৫ খ্রিঃ** তারিখ, সকাল ১০:০০ টা।

(ii) অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ **১৫/০৩/২০২৫ খ্রিঃ** তারিখ, বিকালঃ ৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত আবেদনকারীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(iii) আবেদনকারীগণ Online আবেদনপত্রে কলেজ পছন্দক্রম ও পরীক্ষা কেন্দ্র উল্লেখ করবেন।

খ. Online আবেদনপত্রে পরীক্ষার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য X প্রস্থ ) ৩০০ X ৩০০ pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য X প্রস্থ ) ৩০০ X ৮০ pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর বেশি হতে পারবে না।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, ফলে Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant's

Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download অথবা প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে।

User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।
বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS:</u> DOT <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: DOT ABCDEF
Reply: Applicant's name, Tk. 1000 will be charged as application fee.
Your PIN is XXXXXXXX. To pay fee Type DOT <space> Yes<space> PIN and send to 16222 নম্বরে।

<u>দ্বিতীয় SMS:</u> DOT <space>YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DOT YES xxxxxxxxx
Reply: Congratulations Applicant's name, payment completed successfully for B.Sc. admission of DOT. User ID is (ABCDEF) and password (xxxxxxxxx)

চ. আবেদন ফি জমা দেওয়ার পর প্রার্থী User ID এবং Password ব্যবহার করে **২৯/০৪/২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ০৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত** রোল নম্বর, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক Print (রঙ্গিন) করতে পারবেন । প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd এ ই-মেইল করুন অথবা টেলিটকের কাস্টমার কেয়ার (১২১) নম্বরে অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে ২৪ ঘণ্টা যোগাযোগ করা যেতে পারে।

৬. <u>নিম্নবর্ণিত নিয়মাবলি অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ</u>

(ক) পরীক্ষার বিষয়সমূহ ও নম্বরঃ
গণিত - ৬০, পদার্থ বিজ্ঞান - ৬০, রসায়ন - ৬০, ইংরেজি - ২০। সর্বমোট ২০০ নম্বর।
(খ) ২০২৪ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার নির্ধারিত সিলেবাস অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
(গ) MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।
(ঘ) প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের মান হবে ২, পরীক্ষার মোট সময় ১ ঘন্টা ২০ মিনিট।
(ঙ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।
(চ) পরীক্ষার্থীদের উত্তরপত্রে (OMR শিট) কালো কালির বলপেন দিয়ে পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ সংশ্লিষ্ট ঘরসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে। পেন্সিল ব্যবহার করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
(ছ) ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, ঘড়ি, ডিভাইস যুক্ত কলম, মোবাইল বা অন্যান্য উপকরণ সংগে রাখা ও ব্যবহার করা যাবে না।
(জ) কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৭. <u>প্রার্থী নির্বাচন ও ফলাফল প্রণয়নঃ</u>

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে মেধা তালিকা নির্ধারণ করা হবে। প্রার্থীর মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের মেধাতালিকা কলেজ ভিত্তিক প্রকাশ এবং অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে পরবর্তীতে অপেক্ষমান তালিকা হতে ভর্তি করা হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী পরবর্তীতে কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ থাকবে।

৮. <u>বিভাগ নির্ধারণঃ</u>

ভর্তির পর স্ব-স্ব কলেজ কর্তৃক প্রার্থীর মেধা ও পছন্দ ক্রম অনুযায়ী বিভাগ নির্ধারণ করা হবে।

৯. ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচীঃ

| ভর্তি সংক্রান্ত কার্যক্রম | | তারিখ |
|---|---|---|
| (ক) অনলাইনে ভর্তির জন্য আবেদনের সময় | | **০২/০২/২০২৫ খ্রিঃ** সকাল ১০:০০টা হতে **১৫/০৩/২০২৫ খ্রিঃ** তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত। |
| (খ) প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা | | **২৯/০৪/২০২৫ খ্রিঃ** সকাল ১০:০০টা হতে **০৯/০৫/২০২৫ খ্রিঃ** তারিখ **রাত ১২:০০** টা পর্যন্ত। |
| (গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | | **১০/০৫/২০২৫ খ্রিঃ(শনিবার)** সময়ঃ সকাল ১০:০০টা হতে ১১:২০ টা পর্যন্ত। |
| (ঘ) ভর্তি পরীক্ষার কেন্দ্র কোড ও কেন্দ্রের নাম | কেন্দ্র কোড | কেন্দ্রের নাম |
| | ১০১ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম। |
| | ১০২ | পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা। |
| | ১০৩ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী। |
| | ১০৪ | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |
| | ১০৫ | শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ। |
| | ১০৬ | ড. এম এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর। |
| | ১০৭ | শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ। |
| | ১০৮ | শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর। |
| (ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | | **১৩/০৫/২০২৫ খ্রিঃ** তারিখের মধ্যে বস্ত্র অধিদপ্তর ও কলেজসমূহের ওয়েব সাইট এবং নোটিশ বোর্ড। |

১০. প্রার্থী কর্তৃক করণীয় বিষয়ঃ

ক) **২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের টেলিটকে আবেদনের লক্ষ্যে আবেদনে উল্লিখিত কলেজের পছন্দক্রমই চূড়ান্ত বলে গণ্য হবে।**

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাউনলোডকৃত প্রবেশপত্র অবশ্যই সংগে আনতে হবে এবং ভবিষ্যত কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।

গ) OMR শিটের সমস্ত অংশ এবং বৃত্ত পূরণের জন্য কালো কালির বলপেন ব্যবহার করতে হবে।

ঘ) পেন্সিল, বই, ব্যাগ, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি বা কোনো ধরনের যোগাযোগ যন্ত্র নিয়ে আসতে পারবেন না।

ঙ) ভর্তি পরীক্ষার দিন অন্তত ৪৫ মিনিট পূর্বে কেন্দ্রে এবং ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না।

চ) প্রশ্নপত্র এবং OMR শিট পরীক্ষকের কাছে জমা দিতে হবে।

ছ) প্রবেশপত্রে উল্লিখিত সকল নির্দেশাবলী যথাযথভাবে মেনে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

জ) ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন তথ্য জানতে অফিস চলাকালীন (রবিবার থেকে বৃহস্পতিবার, সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা) ০১৭২৬০৫৮৫৯৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

ঝ) ভর্তি সংক্রান্ত তথ্য/সংশোধনী/ফলাফল জানার জন্য নিম্নোক্ত ওয়েব সাইট ভিজিট করা যেতে পারে:

www.dot.gov.bd

www.sarstec.gov.bd www.ptec.college.gov.bd ctec.chittagong.gov.bd tecn.portal.gov.bd
sktec.jhenaidah.gov.bd https://shtec-jamalpur.com/ dwmtec.pirgonj.rangpur.gov.bd www.srtec.gov.bd

ঞ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মোঃ শহিদুল ইসলাম)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।